

**বিষয় : “জাতীয় গ্রন্থাগার দিবস-২০২৪” উপলক্ষে বইপাঠ, চিত্রাঙ্কন, রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা (সংশোধিত)**

আগামী ০৫ ফেব্রুয়ারি “জাতীয় গ্রন্থাগার দিবস-২০২৪” উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝালকাঠি-তে বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ উপলক্ষে বইপাঠ, চিত্রাঙ্কন, রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগ্রহী সকলকে শ্রেণি ও গুপ অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

**ক) বইপাঠ প্রতিযোগিতা :**

| ক্র.নং | গুপ | শ্রেণি   | বইপাঠ প্রতিযোগিতার সময় ও স্থান                                                                 |
|--------|-----|----------|-------------------------------------------------------------------------------------------------|
| ১.     | ক   | উন্মুক্ত | আগামী ০৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.; দুপুর-১২:০০ টা।<br>স্থান : জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝালকাঠি। |

**খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা :**

| ক্র.নং | গুপ | শ্রেণি        | চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয় | চিত্রাঙ্কন প্রতিযোগিতার সময় ও স্থান             |
|--------|-----|---------------|-------------------------------|--------------------------------------------------|
| ১.     | ক   | শিশু-দ্বিতীয় | উন্মুক্ত                      | আগামী ০৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.; সকাল-১০:০০ টা। |
| ২.     | খ   | তৃতীয়-সপ্তম  | আমার প্রিয় গ্রন্থাগার        | স্থান : জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝালকাঠি।       |

**গ) রচনা প্রতিযোগিতা :**

| ক্র.নং | গুপ/শ্রেণি | রচনা প্রতিযোগিতার বিষয়                  | শব্দসীমা | রচনা জমা দেওয়ার শেষ তারিখ        |
|--------|------------|------------------------------------------|----------|-----------------------------------|
| ১.     | উন্মুক্ত   | স্মার্ট নাগরিক গঠনের গ্রন্থাগারের ভূমিকা | ১০০০     | আগামী ০৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.; |

**ঘ) উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা**

| ক্র.নং. | গুপ | শ্রেণি               | উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার বিষয় | উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার সময় ও স্থান                                                     |
|---------|-----|----------------------|------------------------------------|-----------------------------------------------------------------------------------------------|
| ১.      | ক   | অষ্টম - দ্বাদশ       | তাৎক্ষণিক নির্ধারণ করা হবে         | আগামী ০৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.; সকাল-১১:০০ টা।<br>স্থান : জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝালকাঠি |
| ২.      | খ   | স্নাতক – স্নাতকোত্তর |                                    |                                                                                               |

**শর্তাবলী**

- ১। বইপাঠ প্রতিযোগিতার বই এবং প্রতিযোগিতার ফরম জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝালকাঠি থেকে প্রতিযোগিতার দিন সরবরাহ করা হবে। প্রতিযোগীকে সশরীরে উপস্থিত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
- ২। রচনা A4 সাইজের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে (কাগজের উভয় পৃষ্ঠায় লেখা যাবে না)।
- ৩। সকল প্রতিযোগিতায় প্রতিযোগীর নাম, পিতা-মাতার নাম, ঠিকানা ও সচল মোবাইল নম্বর ও গুপ ও প্রতিযোগিতার বিষয় উল্লেখ করতে হবে এবং চিত্রাঙ্কনের ক্ষেত্রে জন্মসনদ জমা দিতে হবে। তবে অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ৪। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য অঙ্কন সরঞ্জাম সাথে আনতে হবে।
- ৫। রচনা জমা দেওয়ার শেষ তারিখ ৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি; বিকাল-৪:০০টার মধ্যে স্বহস্তে লিখিত রচনা ডাকযোগে অথবা সরাসরি জমা দেওয়া যাবে।
- ৬। বিস্তারিত তথ্যের জন্য ফোন : ০২-৪৭৯৯৩৪১১৫ / ০১৭১০-৯৬৪৮৩৪, জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝালকাঠি-এর সাথে যোগাযোগ করা যাবে।

প্রাপক,  
অধ্যক্ষ / প্রধান শিক্ষক,


.....।

  
২০/০১/২০২৪  
লাইব্রেরিয়ান

জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝালকাঠি  
মোবাইল : ০১৭১০-৯৬৪৮৩৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। জেলা প্রশাসক, ঝালকাঠি।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর / কাঠালিয়া / নলছিটি / রাজাপুর উপজেলা।
- ৩। জেলা শিক্ষা অফিসার / জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝালকাঠি।
- ৪। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, ঝালকাঠি।
- ৫। জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, ঝালকাঠি।
- ৬। অফিস কপি।

  
২০/০১/২০২৪  
লাইব্রেরিয়ান

জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝালকাঠি  
মোবাইল : ০১৭১০-৯৬৪৮৩৪